রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, এপ্রিল ৮, ১৯৯৫

**৮ম খন্ড—বেসরকারী ব্যক্তি এবং করপোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।**

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন
জীবন বীমা টাওয়ার (১৬-১৭ তলা)
১০, দিলকুশা বাণিজ্যিক এলাকা
ঢাকা।

## প্রজ্ঞাপন

তারিখঃ ২রা চৈত্র, ১৪০১/১৬ই মার্চ, ১৯৯৫

এস, আর, ও, নং ৩৭-আইন/৯৫—সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, সরকারের পূর্বানুমতিক্রমে, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ষ্টক-ডিলার, ষ্টক-ব্রোকার ও সাব-ব্রোকার) প্রবিধানমালা, ১৯৯৪ এর নিম্নরূপ সংশোধন করিল:—

উপরি-উক্ত প্রবিধানমালার—(১) প্রবিধান ১ এর "সাব-ব্রোকার" শব্দটির পরিবর্তে "অনুমোদিত প্রতিনিধি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(২) প্রবিধান ২ এর—

(ক) দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফাগুলি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(ক) "অনুমোদিত প্রতিনিধি" অর্থ প্রবিধান ৪ক এর অধীন নিযুক্ত অনুমোদিত প্রতিনিধি ;

(কক) "আইন" অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) ;" ;

(খ) দফা (জ) বিলুপ্ত হইবে ;

(৩) প্রবিধান ৩ এর "স্টক-ব্রোকার বা সাব-ব্রোকার" কমা ও শব্দগুলির পরিবর্তে "বা স্টক ব্রোকার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৪) প্রবিধান ৪, এর—

(ক) উপান্ত টীকায় "নিবন্ধন সনদপ্রাপ্তির যোগ্যতা" শব্দগুলির পরিবর্তে "স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধির যোগ্যতা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) উপ-প্রবিধান (১) এর দফা (খ) বিলুপ্ত হইবে ;

(গ) উপ-প্রবিধান (২) এর—

(অ) "সাব-ব্রোকার হিসাবে নিবন্ধন সনদ" শব্দগুলির পরিবর্তে "অনুমোদিত প্রতিনিধি হিসাবে নিয়োগ" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(আ) দফা (ঘ) এর "প্রতিনিধি" এবং "সাব-ব্রোকার" শব্দ দুইটির পরিবর্তে উভয় স্থানে "অনুমোদিত প্রতিনিধি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(ই) দফা (ঙ) এর শেষে "অথবা" শব্দটি বিলুপ্ত হইবে ;

(ঈ) দফা (চ) বিলুপ্ত হইবে।

(৫) প্রবিধান ৪ এর পর নিম্নরূপ নূতন প্রবিধান ৪ক ও ৪খ সন্নিবেশিত হইবে, যথাঃ—

"৪ক। অনুমোদিত প্রতিনিধি।—(১) কোন স্টক-ব্রোকার বা স্টক-ডিলার কর্তৃক পরিচালিত সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় বা ব্যবসায়ের কাজে তাহাকে সহায়তা প্রদানের উদ্দেশ্যে প্রবিধান ৪(২) এ উল্লিখিত যোগ্যতাসম্পন্ন কোন ব্যক্তিকে প্রতিনিধি হিসাবে নিয়োগ করিতে পারিবেন এবং এইরূপ প্রতিনিধি অনুমোদিত প্রতিনিধি নামে অভিহিত হইবেন।

(২) অনুমোদিত প্রতিনিধি নিয়োগের উদ্দেশ্যে স্টক-ডিলার বা স্টক-ব্রোকার, এবং নিযুক্ত অনুমোদিত প্রতিনিধির মধ্যে একটি লিখিত চুক্তি থাকিবে যাহাতে তাহার অধিকার, কার্যাবলী এবং দায়িত্ব সুনির্দিষ্টভাবে লিপিবদ্ধ থাকিবে।

(৩) অনুমোদিত প্রতিনিধি তাহার নিয়োগের চুক্তিপত্রের শর্তাবলী ছাড়াও এই প্রবিধানমালা এবং বিশেষতঃ তফসিল-২ এ বর্ণিত আচরণবিধি মানিয়া চলিবেন।

৪খ। অনুমোদিত প্রতিনিধি সম্পর্কে স্টক-ডিলার ও স্টক-ব্রোকারের দায়-দায়িত্ব।—(১) নিয়োগপত্রের আওতায় অনুমোদিত প্রতিনিধির যে কোন কাজের জন্য তাহার নিয়োগকারী স্টক-ডিলার বা স্টক-ব্রোকার দায়ী থাকিবেন।

(২) নিয়োগকারী স্টক-ডিলার বা স্টক-ব্রোকার ইহা নিশ্চিত করিবেন যে, তাহার অনুমোদিত প্রতিনিধি যে সকল সিকিউরিটি ক্রয়-বিক্রয় বা অন্যবিধভাবে লেনদেন করেন উহাদের হিসাব যেন যথাযথভাবে উক্ত নিয়োগকারীর নিকট দাখিল করা হয়।

(৩) কোন স্টক-ডিলার বা স্টক-ব্রোকার কোন অনুমোদিত প্রতিনিধি নিয়োগ করিলে, উক্ত স্টক-ডিলার বা স্টক-ব্রোকার—

(ক) উক্ত নিয়োগের ৭ দিনের মধ্যে কমিশনকে চুক্তিপত্রের কপি সরবরাহ করিবেন ;

(খ) উক্ত চুক্তিপত্রের কোন পরিবর্তন করা হইলে বা কোন কারণে তাহা অকার্যকর হইয়া পড়িলে বা বাতিল করা হইলে উক্তরূপ পরিবর্তন বা বাতিল বা অকার্যকর হওয়ার ৩০ দিনের মধ্যে বিষয়টি সম্পর্কে কমিশনকে লিখিতভাবে অবহিত করিবেন।"

(৬) প্রবিধান ৫ এর—

(ক) উপ-প্রবিধান (১) এর দফা (গ) বিলুপ্ত হইবে ;

(খ) উপ-প্রবিধান (২) এর ", ষ্টক-ব্রোকার বা সাব-ব্রোকারের" কমা ও শব্দগুলির পরিবর্তে "বা ষ্টক ব্রোকারের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৭) প্রবিধান ৬ ও ৭ বিলুপ্ত হইবে ;

(৮) প্রবিধান ৮ এর উপ-প্রবিধান (১) এর—

(ক) "ষ্টক-ব্রোকার, ষ্টক-ডিলার বা সাব-ব্রোকারকে" শব্দগুলি ও কমার পরিবর্তে "ষ্টক-ব্রোকার বা ষ্টক-ডিলারকে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) দফা (ক) এবং (খ) তে উল্লিখিত ", ষ্টক-ডিলার বা সাব-ব্রোকার" কমা ও শব্দগুলির পরিবর্তে উভয় দফায় "বা ষ্টক-ডিলার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(৯) প্রবিধান ১০ এর ", ষ্টক-ব্রোকার এবং সাব-ব্রোকার" কমা ও শব্দগুলির পরিবর্তে "এবং ষ্টক-ব্রোকার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(১০) প্রবিধান ১১ এর—

(ক) উপ-প্রবিধান (১) এর—

(অ) "ষ্টক-ডিলার, ষ্টক-ব্রোকার বা সাব-ব্রোকার" শব্দগুলি ও কমার পরিবর্তে "ষ্টক-ডিলার বা ষ্টক-ব্রোকার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(আ) শর্তাংশে "ষ্টক-ডিলার, ষ্টক-ব্রোকার বা সাব-ব্রোকারকে" শব্দগুলি ও কমার পরিবর্তে "ষ্টক-ডিলার বা সাব-ব্রোকারকে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(খ) উপ-প্রবিধান (২) এর ", ষ্টক-ব্রোকার বা সাব-ব্রোকার" কমা ও শব্দগুলির পরিবর্তে "বা ষ্টক-ব্রোকার" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে ;

(গ) উপ-প্রবিধান (৪) এবং (৭) এ উল্লিখিত "সাব-ব্রোকার" শব্দটির পরিবর্তে উভয় ক্ষেত্রে "অনুমোদিত প্রতিনিধি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১১) প্রবিধান ১২ এর—

(ক) "সাব-ব্রোকার" শব্দটি, যেখানেই উল্লিখিত থাকুক না কেন, উহার পরিবর্তে "অনুমোদিত প্রতিনিধি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-প্রবিধান (২) ও (৪) বিলুপ্ত হইবে;

(১২) প্রবিধান ১৩ এর ", লাভ-ক্ষতির হিসাব, ব্যালান্স সীট" কমাগুলি ও শব্দগুলি বিলুপ্ত হইবে;

(১৩) প্রবিধান ১৪ এর—

(ক) উপান্তটীকার পরে "(১)" বন্ধনী ও সংখ্যা বিলুপ্ত হইবে:

(খ) "সাব-ব্রোকার" শব্দটির পরিবর্তে "অনুমোদিত প্রতিনিধি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৪) প্রবিধান ১৫ এর—

(ক) উপ-প্রবিধান (১) এর "সাব-ব্রোকারকে" শব্দটির পরিবর্তে "অনুমোদিত প্রতিনিধিকে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-প্রবিধান (২) এর "সাব-ব্রোকার" শব্দটির পরিবর্তে "অনুমোদিত প্রতিনিধি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৫) প্রবিধান ১৬তে "সাব-ব্রোকার" শব্দটি, দুইবার উল্লিখিত, এর পরিবর্তে উভয়স্থানে "অনুমোদিত প্রতিনিধি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৬) প্রবিধান ১৮ এর—

(ক) উপান্তটীকায় "সাব-ব্রোকারের" শব্দটির পরিবর্তে "অনুমোদিত প্রতিনিধির" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) "সাব-ব্রোকার" শব্দটি, দুইবার উল্লিখিত, এর পরিবর্তে উভয় স্থানে "অনুমোদিত প্রতিনিধি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৭) প্রবিধান ২০ এর—

(ক) "৮ই জুন, ১৯৯৪" সংখ্যা ও শব্দের পরিবর্তে "৩১শে মার্চ, ১৯৯৫" সংখ্যা ও শব্দ প্রতিস্থাপিত হইবে;

(খ) "বা সাব-ব্রোকার" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(১৮) তফসিল-১ এর—

(ক) ফরম-'ক' এর এন্ট্রি ১৩ এর পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি ১৩ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"১৩। (ক) অনুমোদিত প্রতিনিধি (যদি থাকে) তার নাম, ঠিকানা ও যোগ্যতাঃ

(খ) কর্মচারীর সংখ্যাঃ" ;

(খ) ফরম-'খ' বিলুপ্ত হইবে;

(গ) ফরম 'গ' এর—

(অ) উপরিভাগে উল্লিখিত "স্টক-ডিলার ও সাব-ব্রোকার প্রবিধানমালা" শব্দগুলির পরিবর্তে "স্টক ডিলার ও অনুমোদিত প্রতিনিধি প্রবিধানমালা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(আ) প্রথম অংশের শেষ বাক্যটি অর্থাৎ "এই নিবন্ধন সনদ——————— তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে এবং পরবর্তীতে ২য় এবং ৩য় পৃষ্ঠায় বর্ণিত ছকে নবায়ন করা যাইবে।" বিলুপ্ত হইবে;

(ই) প্রথম অংশে উল্লিখিত "সাব-ব্রোকারের" এবং দ্বিতীয় অংশে অর্থাৎ নবায়ন-পত্রের ছকে তিনবার উল্লিখিত "/সাব-ব্রোকার" অবলিক চিহ্নগুলি ও শব্দগুলি বিলুপ্ত হইবে;

(ঈ) তৃতীয় অংশ অর্থাৎ "শর্তাবলী" অংশের—

(১) বন্ধনীভুক্ত শিরোনামায় উল্লিখিত "ও সাব-ব্রোকার" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(২) বন্ধনীভূক্ত শিরোনামার নীচে উল্লিখিত "সকলের ক্ষেত্রে প্রযোজ্য শব্দগুলি বিলুপ্ত হইবে;

(৩) ২ নং শর্তে উল্লিখিত "সাব্‌-ব্রোকার" শব্দগুলির পরিবর্তে "অনুমোদিত প্রতিনিধি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) ৭ নং শর্তের পরিবর্তে নিম্নরূপ ৭ নং শর্ত প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"৭। একজন ষ্টক ব্রোকার বা ষ্টক ডিলার যে ষ্টক-এক্সচেঞ্জের সদস্য সেই ষ্টক-এক্সচেঞ্জে তালিকাভূক্ত কোন কোম্পানীর পরিচালক হইলে এবং উক্ত কোম্পানীতে তাহার শেয়ার মালিকানার যে কোন ধরনের পরিবর্তন হইলে তিনি, উক্ত পরিবর্তনের ৩০ দিনের মধ্যে, তৎসম্পর্কে বিস্তারিত বিবরণ কমিশনের নিকট দাখিল করিবেন।";

(৫) "ষ্টক ডিলার ও ষ্টক ব্রোকারের ক্ষেত্রে প্রযোজ্য বিশেষ শর্তাবলী" শব্দগুলি বিলুপ্ত হইবে;

(৬) ১১ নং শর্ত বিলুপ্ত হইবে;

(ঘ) ফরম-ঘ এবং ফরম-ঙ বিলুপ্ত হইবে;

(ঙ) ফরম-চ এর "সাব-ব্রোকার" শব্দটির পরিবর্তে "অনুমোদিত প্রতিনিধি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৯) তফসিল-২ এর—

(ক) সর্বত্র "সাব-ব্রোকার" শব্দটির পরিবর্তে "অনুমোদিত প্রতিনিধি" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) ১ নং অনুচ্ছেদে "সাব-ব্রোকারকে" শব্দটির পরিবর্তে "অনুমোদিত প্রতিনিধিকে" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

সুলতান-উজ-জামান খান
চেয়ারম্যান,
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।